

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
ঢাকা-১২০৭  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং : ৩৭.০৩.০০০০.০১৬.২৪.০০৮.১৭ - ২৪৪

তারিখ : ৩০/০৫/২০১৮ খ্রিঃ

বিষয় : বি.এস.সি. ইন ইঞ্জিনিয়ারিং (ব্যাচেলর ডিগ্রী) পর্যায়ে ২০১৮ সালে চীনের বিভিন্ন প্রতিষ্ঠানে স্কলারশিপ এর আওতায় অধ্যয়নে কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন পলিটেকনিক ইন্সটিটিউট ও টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের আত্মী চাকুরীরত শিক্ষকদের প্রাথমিক বাছাই প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সকল সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট এবং টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বি.এস.সি. ইন ইঞ্জিনিয়ারিং (ব্যাচেলর ডিগ্রী) পর্যায়ে চীনের ২টি প্রতিষ্ঠানে (Beijing Jiaotong University, Zhejiang University of Media and Communications) স্কলারশিপ এর মাধ্যমে শিক্ষার্থীদের অধ্যয়নের সুযোগ দেয়া হবে মর্মে চীনা দূতাবাস সূত্রে জানা গেছে। চীনা দূতাবাস সূত্রে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আগামী জুলাই/২০১৮-এর প্রথম সপ্তাহে উক্ত দুটি বিশ্ববিদ্যালয় ঢাকায় এসে সরাসরি সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রাথমিকভাবে শিক্ষক বাছাই করবে মর্মে জানানো হয়েছে।

২। স্কলারশিপ প্রাপ্তির শিক্ষকদের ন্যূনতম যোগ্যতা :

ক) ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পাস

খ) জন্ম সনদ অনুযায়ী বয়স (০১-০৭-২০১৮ খ্রিঃ তারিখে)

Beijing Jiaotong University: 18-25 yrs,

Zhejiang University of Media and Communications: 18-35 yrs

গ) ইংরেজী ভাষায় পারদর্শী

ঘ) আন্তর্জাতিক পাসপোর্ট থাকতে হবে

৩। কারিগরি শিক্ষার প্রচার-প্রসারে ও দক্ষতা উন্নয়নে বাংলাদেশী শিক্ষার্থীদের ২০১৮ সালে চীনে স্কলারশিপ প্রাপ্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে গতবছরের ন্যায় স্ব-স্ব পলিটেকনিক ইন্সটিটিউট এবং টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে চাকুরীরত উল্লিখিত যোগ্যতার ভিত্তিতে প্রাথমিকভাবে শিক্ষক বাছাই করা প্রয়োজন। শিক্ষক বাছাই কার্যক্রমে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করতে হবে :

ক) শিক্ষক বাছাইয়ের ক্ষেত্রে নির্ধারিত যোগ্যতা (অনুচ্ছেদ-২) প্রযোজ্য

খ) ১৫ জুন/২০১৮ তারিখের মধ্যে বাছাই কার্যক্রম সম্পন্ন করতে হবে

গ) ২০ জুন/২০১৮ তারিখের মধ্যে সংযোজিত ছক অনুযায়ী শিক্ষক বাছাই তালিকা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে (সফট কপি পাঠানোর ইমেল- [dte.china.scholarship@gmail.com](mailto:dte.china.scholarship@gmail.com))

ঘ) জুলাই/২০১৮ মাসের প্রথম সপ্তাহে সাক্ষাৎকার বোর্ডে আন্তর্জাতিক পাসপোর্টসহ উপস্থিত থাকতে হবে

ঙ) শিক্ষক বাছাই কার্যক্রমের ক্ষেত্রে অধিদপ্তরের সমন্বয় সেলের সঙ্গে যোগাযোগ করতে হবে

চ) একজন শিক্ষক শুধুমাত্র একটি বিশ্ববিদ্যালয়ে প্রার্থী হতে পারবে

৪। এমতাবস্থায়, ২০১৮ সালের স্কলারশিপ কার্যক্রমের আওতায় শিক্ষক বাছাইসহ এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সকল সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট এবং টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর অধ্যক্ষসহ কার্যক্রম সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হলো।

৫। বিষয়টি অতীব জরুরী।

৬। সংযুক্ত-

ক) বিশ্ববিদ্যালয় সংক্রান্ত প্রাথমিক তথ্যাদি

খ) স্কলারশিপ সংক্রান্ত প্রাথমিক তথ্যাদি

গ) শিক্ষক বাছাইয়ের নমুনা ছক

স্বাক্ষর

(অশোক কুমার বিশ্বাস)

অতিরিক্ত সচিব (কারিগরি) ও

মহাপরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা


বিতরণ :

১-৪৯। অধ্যক্ষ, ..... পলিটেকনিক ইন্সটিটিউট, .....

৫০-১১৩। অধ্যক্ষ, .....টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, .....

অনুলিপি সদয় অবগতির জন্য :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ( মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন/কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫. পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন/পিআইডব্লিউ/পিআইইউ/), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইএমআইএস সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)



মোঃ অহিদুল ইসলাম

যুগ্ম সচিব ও

পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা